# বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা ।

এফ. ই. সার্কুলার - ১৬ তারিখ ঃ ১৬ মে, ২০১৬ খ্রীঃ

বৈদেশিক মুদ্রায় লেনদেনের সকল অনুমোদিত ডিলার ব্যাংকের
প্রধান কার্যালয়/প্রিন্সিপাল অফিস।

প্রিয় মহোদয়গণ,

**ভিসা ব্যতীত বিদেশ ভ্রমণেচ্ছু নিবাসী বাংলাদেশী নাগরিকদের অনুকূলে বৈদেশিক মুদ্রা ছাড়করণ প্রসংগে।**

উপর্যুক্ত বিষয়ে Guidelines for Foreign Exchange Transactions (GFET), 2009 (Vol-1), Chapter 12, Para 1(i) এর নির্দেশনার প্রতি আপনাদের দৃষ্টি আর্কষণ করা যাচ্ছে । উক্ত নির্দেশনায় ভিসা ব্যতীত বিদেশ ভ্রমণেচ্ছুদের অনুকূলে সর্বোচ্চ মাঃ ডঃ ২০০ বা সমমূল্যের বৈদেশিক মুদ্রা ছাড়করণের বিষয় উল্লেখ রয়েছে।

০২ । বর্তমানে কিছু কিছু দেশে ভ্রমণের ক্ষেত্রে port entry /on arrival ভিত্তিতে ভিসা প্রদান করা হয়ে থাকে । এ প্রেক্ষিতে এ মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে, অনুমোদিত ডিলার ব্যাংক port entry /on arrival ভিত্তিতে ভিসা প্রদানকারী দেশ/অঞ্চলসমূহে ভ্রমণেচ্ছু নিবাসী বাংলাদেশী নাগারিকদের অনকূলে ভিসা ছাড়াই অন্যান্য প্রযোজ্য নির্দেশনাবলী পরিপালন সাপেক্ষে সংশ্লিষ্ট দেশ/অঞ্চলের জন্য প্রযোজ্য অব্যবহৃত বার্ষিক ভ্রমণ কোটার সমপরিমাণ বৈদেশিক মুদ্রা ছাড় করতে পারবে । সংশ্লিষ্ট দেশে ভ্রমণের ক্ষেত্রে port entry /on arrival পদ্ধতিতে visa প্রদেয় হওয়ার বিষয়টি অনুমোদিত ডিলার ব্যাংক গ্রাহক কর্তৃক সরবরাহকৃত তথ্যের ভিত্তিতে নিশ্চিত হওয়ার পাশাপাশি সংশ্লিষ্ট ভ্রমণেচ্ছু ব্যক্তির পাসপোর্টের মেয়াদ অন্যূন ৬(ছয়) মাস থাকার বিষয়টি নিশ্চিত করতে হবে । উল্লেখ্য, ভিসা ব্যতীত উপরোক্ত পন্থায় ইস্যুকৃত বৈদেশিক মুদ্রা যথাযথভাবে ব্যবহৃত হওয়ার বিষয়টি সংশ্লিষ্ট যাত্রীর পরবর্তী বিদেশ যাত্রার প্রাক্কালে বৈদেশিক মুদ্রা ছাড়করণের পূর্বে অনুমোদিত ডিলার ব্যাংক নিশ্চিত হবে । অনুমোদিত ডিলার ব্যাংক বার্ষিক ভ্রমণ কোটার বিপরীতে বৈদেশিক মুদ্রা ইস্যুকৃত হওয়ার বিষয়টি পাসপোর্টে এন্ডোর্স করার পাশাপাশি বাংলাদেশ ব্যাংকের অনলাইনে যথাযথভাবে রিপোর্ট করবে । বার্ষিক ভ্রমণ কোটার বিপরীতে বৈদেশিক মুদ্রা ইস্যুর পূর্বে সংশ্লিষ্ট যাত্রীর অনুকূলে চলতি পঞ্জিকা বর্ষে ইতোমধ্যে কী পরিমাণ বৈদেশিক মুদ্রা এন্ডোর্সকৃত/ইস্যুকৃত ( নগদ, আন্তর্জাতিক কার্ড ইত্যাদি মাধ্যমে) হয়েছে তাও অনুমোদিত ডিলার ব্যাংক যাচাই করবে ।

০৩ । Port entry /on arrival ভিসা প্রদানকারী দেশ/অঞ্চলসমূহ ভ্রমণের ক্ষেত্রে ভিসা ব্যতীত বৈদেশিক মুদ্রা ইস্যুর বর্ণিত সুবিধাটি সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্ত্বশাসিত প্রতিষ্ঠানের কর্মচারীগণের দাপ্তরিক প্রয়োজনে বিদেশ সফরে প্রাপ্য বৈদেশিক মুদ্রা [Ch 12, Para 3, GFET, 2009 (Vol-1) ] ছাড়করণের ক্ষেত্রেও প্রযোজ্য হবে ।

০৪ । এ বিষয়ে GFET, 2009 (Vol-1) এবং সংশ্লিষ্ট এফ.ই সার্কুলারসমূহের অন্যান্য নির্দেশনাবলী অপরিবর্তিত থাকবে ।

এ নির্দেশনা Foreign Exchange Regulation Act, 1947 এর ২০(৩) ধারার প্রদত্ত ক্ষমতাবলে ইস্যু করা হল যা অবিলম্বে কার্যকর হবে । সংশ্লিষ্ট সকল পক্ষকে এ সার্কুলারের নির্দেশনাবলী অবহিত করার জন্য অনুরোধ করা যাচ্ছে ।

আপনাদের বিশ্বস্ত,

(জগন্নাথ চন্দ্র ঘোষ)
উপ মহাব্যবস্থাপক
ফোন-৯৫৩০০৯২
ইমেইলঃ fepd.femp1@bb.org.bd